# বিআর৬

চিকন ধান খেতে মজা
ছেলে বুড়ো সবাই তাজা

ফ্যাক্ট শীটঃ বোরো/আউশ ধানের জাত

## জাত পরিচিতি

বিআর৬ বোরো ও আউশ মৌসুমের একটি জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৭৭ সালে এ জাতটি উদ্ভাবন করেছে।



বিআর৬

## জাতের বৈশিষ্ট্য

- পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০০ সেমি।
- চাল লম্বা, চিকন ও সাদা।

## জীবনকাল

এ জাতের জীবনকাল বোরো মৌসুমে ১৪০ দিন এবং আউশ মৌসুমে ১১০ দিন।

## ফলন

বোরো মৌসুমে ফলন হেক্টর প্রতি প্রায় ৪.৫ টন এবং আউশ মৌসুমে হেক্টর প্রতি প্রায় ৩.৫ টন।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজ তলায় বীজ বপন ঃ** বোরো মৌসুমে ১-১৫ অগ্রহায়ণ (১৫-২৯ নভেম্বর) এবং আউশ মৌসুমে ১৫ চৈত্র-৫ বৈশাখ (২৯ মার্চ-১৮ এপ্রিল)।

২. **চারার বয়স ঃ** বোরো মৌসুমে ৩৫-৪০ দিন এবং আউশ মৌসুমে ২০-২৫ দিন।

৩. **রোপনের সময় ঃ** বোরোর ক্ষেত্রে ৫-২৫ পৌষ (১৯ ডিসেম্বর-৮ জানুয়ারি) এবং আউশ মৌসুমে ৫ বৈশাখ-২৫ বৈশাখ (১৮ এপ্রিল-৮ মে)।

৪. **রোপন দুরত্ব ঃ** বোরো মৌসুমে ২৫×১৫ সেমি এবং আউশ মৌসুমে ২০×১৫ সেমি।

৫. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ**

| | ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | দস্তা | |
|---|---|---|---|---|---|---|
| ৫.১ | ৩৫ | ১২ | ২০ | ১৫ | ১.৫ | (বোরো মৌসুমে) |

| | ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | দস্তা | |
|---|---|---|---|---|---|---|
| ৫.২ | ১৮ | ৭ | ১১ | ০ | ০ | (আউশ মৌসুমে) |

৫.৩ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে রোপণের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ৩০-৩৫ দিন পর ২য় কিস্তি এবং ৪৫-৫০ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে। টিএসপি, এমওপি, জিপসাম ও জিঙ্ক সারের পুরোটাই জমি শেষ চাষের সময় মাটিতে প্রয়োগ করা উত্তম।

৫. **আগাছা দমন ঃ** রোপণের ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৬. **সেচ ব্যবস্থাপনা ঃ** সেচের পানি ঘাটতি এলাকার জন্য আগাম জাত হিসেবে জাতটি নির্বাচন করা যেতে পারে।

৭. **রোগ বালাই ও পোকামাকড় দমন ঃ** রোগবালাই দেখা দিলে অনুমোদিত বালাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

৮. **ফসল কাটা ঃ** ধান কাটার উপযুক্ত সময় হলো বোরো মৌসুমের ক্ষেত্রে ১-১৫ বৈশাখ (১৪-২৮ এপ্রিল) এবং আউশ মৌসুমের ক্ষেত্রে ১০-২০ শ্রাবণ (২৫ জুলাই-১৪ আগস্ট)

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

**আরো তথ্যের জন্য ঃ**
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd

অধিবেশন ২ : মডিউল ২
ফ্যাক্ট শীট